

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০১১.২১- **নন**


তারিখ: ০৮ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা সরেজমিন পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতাভুক্ত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নৈতিকতা কমিটির ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী ০২টি সরকারি মেডিকেল কলেজের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে তিন সদস্য বিশিষ্ট গঠিত কমিটি গত ১১-১০-২০২১ তারিখে সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রদান করেন। প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ সমূহ নিম্নরূপঃ

- নতুনভাবে হোস্টেল ভবন তৈরি করে ছাত্রদের জন্য ২০০টি ও ছাত্রীদের জন্য ২০০টি আবাসিক সুবিধা বৃদ্ধির সুপারিশ করা হয়।
- শের-ই-বাংলা নগর নার্সিং কলেজের ৪তলা বিশিষ্ট পুরাতন হোস্টেল ভবনটি ভেঙ্গে উক্ত হোস্টেলের জায়গায় মেডিকেল কলেজের শিক্ষার্থীদের জন্য ১টি ও নার্সিং কলেজের শিক্ষার্থীদের জন্য ১টি হোস্টেল নির্মাণ করা যেতে পারে।
- যে সকল বিভাগে শিক্ষক স্বল্পতা আছে সে সকল বিভাগে শিক্ষকের পদসৃষ্টিসহ শিক্ষক পদায়নের ব্যবস্থা করার সুপারিশ করা হয়।
- মেডিকেল কলেজের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা ও PPR এর উপর প্রশিক্ষণের ব্যবস্থা করার সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, উল্লেখিত সুপারিশ সমূহ বাস্তবায়ন কার্যক্রম গ্রহন করে বাস্তবায়ন অগ্রগতি এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


২২/০৩/২০২২

(রাহেলা রহমত উল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
Admin3@mefwd.gov.bd

অধ্যক্ষ
সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ
ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) ও আহবায়ক, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৪. পরিচালক (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৬. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)